

## 💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১২৫০

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

## আরবী

حَدَّثَنَا أَسْوَدُ بْنُ عَامِرٍ، وَحُسَيْنٌ، وَأَبُو أَحْمَدَ الزُّبِيْرِيُّ، قَالُوا: حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ هُبَيْرَةَ بْنِ يَرِيمَ، عَنْ عَلِيّ، قَالَ: قُلْتُ لِفَاطِمَةَ: لَو أَتَيْتِ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلْتِيهِ خَادِمًا، فَقَد أَجْهَدَكِ الطَّحْنُ وَالْعَمَلُ؟ \_ قَالَ حُسَيْنٌ: إِنَّهُ قَدْ جَهَدَكِ الطَّحْنُ وَالْعَمَلُ وَالْعَمَلُ، وَكَذَلِكَ قَالَ أَبُو أَحْمَدَ \_ قَالَتْ: فَانْطَلِقْ مَعِي. قَالَ: فَانْطَلَقْتُ مَعَهَا. الطَّحْنُ وَالْعَمَلُ، وَكَذَلِكَ قَالَ أَبُو أَحْمَدَ \_ قَالَتْ: فَانْطَلِقْ مَعِي. قَالَ: فَانْطَلَقْتُ مَعَها. فَسَأَلْنَاهُ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " أَلا أَدُلُّكُمَا عَلَى مَا هُوَ خَيْرٌ لَكُمَا مِنْ ذَلِكَ؟ فَسَأَلْنَاهُ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " أَلا أَدُلُّكُمَا عَلَى مَا هُو حَيْرٌ لَكُمَا مِنْ ذَلِكَ؟ إِذَا أَويَلْثِينَ، وَإِحْمَدَاهُ ثَلاثًا وَثَلاثِينَ، وَاحْمَدَاهُ ثَلاثًا وَثَلاثِينَ، وَاحْمَدَاهُ ثَلاثًا وَثَلاثِينَ، وَكَبِّرَاهُ أَرْبَعًا وَثَلاثِينَ، فَتِلْكَ مِائَةٌ عَلَى اللّه عَنْهُ: " مَا وَثَلاثِينَ، فَقَالَ عَلِيِّ وَسَلَّمَ " فَقَالَ عَلِيٍّ وَسَلَّمَ اللهُ عَنْهُ: " مَا تَرَكْتُهَا بَعْدَمَا سَمِعْتُهَا مِنَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ " فَقَالَ رَجُلٌ: وَلا لَيْلَةَ صِفِيّنَ؟ قَالَ لَيْلَةَ صِفِيّنَ؟ وَلا لَيْلَةَ صِفِيّنَ؟

حديث صحيح، وهذا إسناد حسن، رجاله ثقات رجال الشيخين غير هبيرة بن يريم، فمن رجال أصحاب السنن، وهو حسن الحديث

حسين: هو ابن محمد المَرُّوذي، وأبو أحمد الزبيري: هو محمد بن عبد الله بن الزبير الأسدي

وأخرجه أبو يعلى (551) من طريق عثمان بن عمر، عن إسرائيل، بهذا الإسناد وانظر ما تقدم برقم (1229)

বাংলা



১২৫০। আলী (রাঃ) বলেছেন, আমি ফাতিমাকে বললাম, তুমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে গিয়ে একজন চাকর চাইতে তবে ভালো হতো। কারণ ঘরের কাজকর্ম ও আটা পেষা তোমাকে খুবই অবসন্ন করে দিয়েছে। ফাতিমা (রাঃ) বললেন, তাহলে আপনি আমার সাথে চলুন। আমি তার সাথে গেলাম এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট একটা চাকর চাইলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি কি তোমাদেরকে এর চেয়ে ভালো জিনিসের সন্ধান দেব না? যখন তোমরা বিছানায় যাবে, তখন সুবহানাল্লাহ তেত্রিশবার, আল হামদুলিল্লাহ তেত্রিশবার ও আল্লাহু আকবার চৌত্রিশবার বলবে। জিহ্বার উপর একশোবার উচ্চারিত এই শব্দগুলো দাঁড়িপাল্লায় এক হাজার শব্দে পরিণত হবে। আলী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছ থেকে এ কথা শোনার পর আর কখনো আমি এটা ত্যাগ করিনি। এক ব্যক্তি বললেন, যেদিন সিফফীন যুদ্ধ হয়, সে রাতেও না? তিনি বললেন, সিফফীন যুদ্ধের রাতেও না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন